রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মার্চ ১৮, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**
**পুরাতন সংসদ ভবন, ঢাকা।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ ফাল্গুন ১৪২৬/২৩ ফেব্রুয়ারি ২০২০

নং ০৩.০০.০০০০.০৮২.০২৮.০১৪.২০২০-১৯৯—সরকারের অগ্রাধিকার প্রকল্প বা প্রাতিষ্ঠানিক সংস্কার কার্যক্রমের সুফল সুনির্দিষ্ট সময়সীমায় সুপরিকল্পিতভাবে জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে গঠিত গভর্নেন্স ইনোভেশন ইউনিটের (জিআইইউ) কার্যপরিধিতে কতিপয় কার্য সংযোজনপূর্বক নিম্নরূপে নির্ধারণ করা হলো :

**সংশোধিত কার্যপরিধি :**

- সরকারের বিভিন্ন অগ্রাধিকার কর্মসূচি চিহ্নিতকরণ, বাস্তবায়ন ও কৌশল প্রণয়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয় (Pathfinder Ministry)-কে নীতিগত সহায়তা প্রদান;
- Pathfinder Ministry এবং এর অগ্রাধিকার প্রকল্প নির্ধারণের জন্য Steering Committee ও Strategy Committee-এর সাথে নিয়মিত সভা অনুষ্ঠান;
- সুশাসন বিষয়ক বিভিন্ন কার্যক্রম বা কর্মসূচির জরুরি সমন্বয় সাধন;
- জনপ্রশাসন ও সরকারি সেবা প্রদান ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা অর্জন ও সেবা সহজীকরণে বিদ্যমান প্রাতিষ্ঠানিক জ্ঞান ও নতুন ধারণার আলোকে কৌশলগত সহায়তা প্রদান;
- আধুনিক প্রশাসন ব্যবস্থাপনা এবং নাগরিক অধিকার সনদ ও নাগরিক সেবা ব্যবস্থাপনার উন্নততর বিকাশ (Innovation in service delivery) এ সংক্রান্ত চর্চা, গবেষণা, তথ্য সংরক্ষণ ও প্রকাশ;

- আন্তর্জাতিক পরিমণ্ডলে সরকারি সেবা সংক্রান্ত কার্যক্রমের (best practice model and methods) পর্যবেক্ষণ এবং বাংলাদেশের সেবা ব্যবস্থাপনায় তার বাস্তবানুগ প্রতিফলনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ;
- "টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্পের প্রধানমন্ত্রী ফেলোশিপসহ আরো ৪টি কম্পোনেন্টে সরকারি সেবার মানোন্নয়নে সিটিজেন চার্টার বাস্তবায়ন, সরকারের সকল পর্যায়ে এপিএ বাস্তবায়নসহ সুশাসন নিশ্চিতকরণের বিভিন্ন কার্যাবলি;
- সমগ্র বাংলাদেশে এসডিজি স্থানীয়করণের সকল প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন;
- পিছিয়ে পড়া জনগোষ্ঠীর কল্যাণের জন্য নীতি প্রণয়নে পরামর্শ প্রদান;
- সরকারের বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয়ে মতামত প্রদানসহ প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন;
- প্রয়োজনবোধে সুশাসন বিষয়ক যে কোনো কার্যক্রমের জন্য বিশেষজ্ঞ সংস্থা বা ব্যক্তির কৌশলগত সহায়তা গ্রহণ;
- সরকারের নির্বাচনী ইশতেহারের সাথে টেকসই উন্নয়ন অভীষ্ট সমূহের সমন্বয় কার্যক্রম তদারকি ও পরামর্শ প্রদান;
- মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে উপরোক্ত বিষয়সমূহ ছাড়াও সুশাসন বিষয়ক যে কোনো পদক্ষেপ গ্রহণ;
- সরকার প্রয়োজন অনুযায়ী ইউনিটের দায়িত্ব ও কর্মপরিধি পুনর্বিন্যাস করতে পারবে।

<u>সাংগঠনিক স্তর :</u>

(ক) **<u>Steering Committee :</u>**

মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে নিম্নবর্ণিত ০৭ (সাত) সদস্যের একটি Steering Committee গঠন করা হলো। Steering Committee বছরে অন্তত একবার সভা করে জিআইইউ এর অগ্রগতি সম্পর্কে অবহিত হবেন এবং জিআইইউ-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। এছাড়া জিআইইউ তাদের কার্যক্রম সম্পর্কে মাননীয় প্রধানমন্ত্রীকে নিয়মিত অবহিত রাখবেন। Steering Committee এর অন্যান্য সদস্যগণ :

- মাননীয় অর্থমন্ত্রী;
- মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
- মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা;
- মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা (জিআইইউ এর ইউনিট প্রধান);
- মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী;
- মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত ২ জন (১ জন মহিলা ও ১ জন পুরুষ) মাননীয় সংসদ সদস্য।

(খ) **Strategy Committee :**

জিআইইউ-কে কৌশলগত সহায়তা প্রদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টার নেতৃত্বে একটি Strategy Committee গঠন করা হলো। কমিটির অন্যান্য সদস্যগণ নিম্নরূপ :

- মন্ত্রিপরিষদ সচিব;
- প্রধানমন্ত্রীর মুখ্য সচিব;
- সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়;
- সচিব, অর্থ বিভাগ;
- সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ;
- রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র।

**কার্যপরিধি :**

গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জিআইইউ)-কে নীতিগত পরামর্শ ও সহায়তা দেয়ার জন্য Strategy Committee কাজ করবে। জিআইইউ সময়ে সময়ে প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদানের জন্য Strategy কমিটিকে অনুরোধ করবে। কমিটি বছরে অন্তত দুটি অথবা প্রয়োজনে বিশেষ সভা আহবান করে জিআইইউ এর অনুরোধে বা নিজ বিবেচনায় জিআইইউ-কে সুশাসন, নবতর উদ্ভাবন এবং সুনির্দিষ্ট কর্মকৌশল বিষয়ে পরামর্শ প্রদান করবে।

(গ) **সাচিবিক সহায়তা :**

মহাপরিচালক, জিআইইউ Steering Committee ও Strategy Committee-কে সাচিবিক সহায়তা প্রদান করবেন। তিনি ইউনিট প্রধান এর নিকট সরাসরি দায়বদ্ধ থাকবেন এবং ইউনিটে তার সহকর্মীদের সকল কার্যক্রমের সমন্বয় সাধন করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি**
পরিচালক (প্রশাসন)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক, (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd